গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন অধিশাখা-৩
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩০৪.০১১.০৩৭.১৪/২৫৬

তারিখ: ২৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ
১০ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

পরিকল্পনা বিভাগের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে **'অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক'** পদে চাকরি (বেতন ও ভাতাদি ) আদেশ, ২০১৫ এর ১৬ নং গ্রেডে ৯৩০০-২২৪৯০ টাকার বেতন স্কেলে সরকার কর্তৃক প্রদেয় প্রচলিত অন্যান্য ভাতাদিসহ ২নং অনুচ্ছেদে বর্ণিত শর্তে পরিকল্পনা বিভাগে নিয়োগ প্রদান করা হলো:

| মেধাক্রম | প্রার্থীর নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | কোটা |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ রকিবুল হাসান<br>পিতা-মোঃ আনিসুর রহমান<br>মাতা-ফেরদৌসি রহমান | বাসা-১০৪, প্যারিস রোড, ব্লক-সি, সেকশন-১১, ৩, মিরপুর, পল্লবী, ঢাকা - ১২১৬ | ঢাকা বহুভাষী সাঁটলিপি ট্রেনিং সেন্টার, সরদার কমপ্লেক্স, আগারগাঁও তালতলা, ঢাকা-১২০৭, | জেলা কোটা |
| ০২ | মোঃ শরিফ মিয়া<br>পিতা-নোয়াব মিয়া সরকার<br>মাতা-নাছিমা বেগম | রঘুনাথপুর, ৭ নং ভাষানিয়া ইউনিয়ন, কাশিপুর, হোমনা, কুমিল্লা - ৩৫৪০ | বি-৯৩, জ্যোতি কমার্শিয়াল সেন্টার, মালিবাগ চৌধুরীপাড়া, ঢাকা। | আনসার কোটা |
| ০৩ | মেরিনা খাতুন<br>পিতা-মুনছুর আলী<br>মাতা-নুরবানু খাতুন | ১৪৩, হরিচরণ, অন্নদানগর, সাতদরগা বাজার, পীরগাছা, রংপুর - ৫৪৫০ | ১৪৩, হরিচরণ, অন্নদানগর, সাতদরগা বাজার, পীরগাছা, রংপুর - ৫৪৫০ | মহিলা কোটা |
| ০৪ | মো: ইমামত হোসেন<br>পিতা-মৃত : আবুল আছাদ<br>মাতা-মোছা: রওশন আরা বেগম | হাসপাতাল রোড, চিলমারী , মন্ডল পাড়া মৌজাথানা, থানাহাট চিলমারী, কুড়িগ্রাম -৫৬৩০ | হাসপাতাল রোড, চিলমারী , মন্ডল পাড়া মৌজাথানা, থানাহাট চিলমারী, কুড়িগ্রাম - ৫৬৩০ | প্রতিবন্ধী কোটা |

০২। **নিয়োগের শর্তাবলী:**

(ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগ তাঁদের যোগদানের তারিখ থেকে কার্যকর হবে এবং ০২ (দুই) বৎসর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক প্রতীয়মান হলে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে;

(খ) শিক্ষানবিসকালে তাঁদের আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই এ নিয়োগ একমাসের নোটিশ দ্বারা বাতিল করতে পারবে। যোগদানের পর নিয়োগপ্রাপ্ত প্রার্থী চাকরি পরিত্যাগ করতে চাইলে তাকে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে অথবা ০১ (এক) মাসের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে চালানমূলে জমা প্রদান করতে হবে;

(গ) পুলিশ তদন্তে চারিত্রিক ও প্রাক-পরিচিতি প্রতিবেদন সন্তোষজনক না হলে তাৎক্ষণিকভাবে চাকরি হতে অপসারণ করা হবে;

(ঘ) বিদেশী নাগরিকের সাথে বিবাহসূত্রে কোন সম্পর্ক বা দায়বদ্ধতা থাকলে এই নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে;

(ঙ) নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র গ্রহণপূর্বক এ বিভাগে জমা প্রদান করতে হবে;

(চ) এ নিয়োগ আদেশ প্রাপ্তির পর তাঁদের নিজ নিজ জেলার সিভিল সার্জনের নিকট উপস্থিত হয়ে স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনের মূলকপি চাকরিতে যোগদানের সময় কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

D:\Admin-3\Recruitment\Appoinment-2018\recruitment order-2019.doc

(ছ) নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীগণের নিজ নিজ ব্যবস্থাপনায় এবং পরিকল্পনা বিভাগের তত্ত্বাবধানে নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীগণের 'ডোপ টেস্ট' গ্রহণ করা হবে। কোন প্রার্থীর ডোপটেস্টে বিরূপ (মাদকাসক্ত বা এরূপ কোন নেশাগ্রস্থতার প্রমাণ) কোন ফলাফল পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকরিতে যোগদানের সময় জাতীয় পরিচয়পত্রসহ সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে নিয়োগাদেশ বাতিল করা হবে। বিভিন্ন কোটায় (মুক্তিযোদ্ধা/এতিম ও শারীরিক প্রতিবন্ধী/আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদস্য) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ চাকরীতে যোগদানের সময় সংশ্লিষ্ট কোটার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে;

(ঝ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাঁদের চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঞ) এ চাকরিতে যোগদানের জন্য কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।

০৩। অনুচ্ছেদ ০২ এ বর্ণিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে, নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীগণ আগামী **০১ আগষ্ট ২০১৯** তারিখ বৃহস্পতিবার **সচিব**, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা বরাবরে যোগদান পত্র দাখিল করবেন। নির্ধারিত তারিখে অফিস চলাকালীন সময়ে (বিকাল ৫:০০ ঘটিকার) মধ্যে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে আগ্রহী/সম্মত নন বলে বিবেচনা করা হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। এ নিয়োগ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

১০/০৭/২০১৯
(ড. মোহাম্মদ রুহুল আমীন)
উপসচিব
ফোনঃ ৯১১৫৭১৬

নং- ২০.০০.০০০০.৩০৪.০১১.০৩৭.১৪

তারিখ: ২৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ১০ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) অতিরিক্ত সচিব (সকল),পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬) যুগ্ম-সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮) সিভিল সার্জন, ..................... জেলা (সরকারী চাকরিতে যোগদানের ক্ষেত্রে স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
৯) সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সিজিএ ভবন (ফেজ-৩), সেগুনবাগিচা, ঢাকা।
১২) হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩) জনাব/বেগম.............................................................................................................................................
১৪) অফিস কপি/ব্যক্তিগত নথি।

১০/০৭/২০১৯
(ড. মোহাম্মদ রুহুল আমীন)
উপসচিব